



আজ ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস



সংগৃহীত ছবি

আজ ৮ মার্চ বিশ্বব্যাপী পালিত হচ্ছে আন্তর্জাতিক নারী দিবস। “আজকের পদক্ষেপ, আগামীর ন্যায়বিচার—সুরক্ষিত হোক নারী ও কন্যার অধিকার” প্রতিপাদ্যে বাংলাদেশের বিভিন্ন স্থানে দিবসটি উদযাপিত হচ্ছে নানা আয়োজনের মাধ্যমে।

সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানগুলো আলোচনা সভা, শোভাযাত্রা ও সম্মাননা কর্মসূচি হাতে নিয়েছে। মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে দেওয়া হচ্ছে ‘অদম্য নারী পুরস্কার’। গণতন্ত্রে অবদানের স্বীকৃতি হিসেবে সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে বিশেষ সম্মাননা দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে।

যৌথ আয়োজনে বিশেষ অনুষ্ঠান করছে অ্যাকশনএইড বাংলাদেশ ও প্রথম আলো। বাংলাদেশ ব্যাংক সব তফসিলি ব্যাংককে দিবসটি যথাযথভাবে পালনের নির্দেশ দিয়েছে। জেলা-উপজেলা পর্যায়েও স্থানীয় প্রশাসনের সমন্বয়ে কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে।

দিবসটি উপলক্ষে পৃথক বাণী দিয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী তারেক রহমান। তারা নারী অধিকার ও সমতায় সম্মিলিত উদ্যোগের ওপর গুরুত্বারোপ করেন।

জাতীয় প্রেসক্লাব আলোচনা সভা, সম্মাননা ও প্রদীপ প্রজ্জ্বলনের আয়োজন করেছে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়দ। কৃতি নারী সাংবাদিক হিসেবে সম্মাননা পাচ্ছেন মমতাজ বানু।

ঢাকা রিপোর্টার্স ইউনিটি র্যালির মাধ্যমে কর্মসূচি শুরু করেছে। রমজানের কারণে বাকি আয়োজন ঈদুল ফিতরের পর অনুষ্ঠিত হবে।

আন্তর্জাতিক নারী দিবসের ইতিহাস দীর্ঘ আন্দোলনের সঙ্গে জড়িত। ১৯৭৫ সাল থেকে জাতিসংঘ আনুষ্ঠানিকভাবে দিবসটি পালন করছে। ১৮৫৭ সালে নিউইয়র্ক-এ নারী শ্রমিকদের আন্দোলন ছিল এ ইতিহাসের সূচনা।

পরবর্তীতে জার্মান সমাজতান্ত্রিক নেত্রী ক্লারা জেটকিন আন্তর্জাতিক নারী দিবস পালনের প্রস্তাব দেন। ১৯১০ সালে কোপেনহেগেন সম্মেলনে প্রস্তাবটি গৃহীত হলে ৮ মার্চ বিশ্বজুড়ে দিবসটি পালনের পথ তৈরি হয়। বাংলাদেশেও স্বাধীনতার পূর্ব থেকেই দিনটি পালন করা হচ্ছে।